

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯০৩

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৪. হায়েযের পরে যদি ঘোলা (মেটে) বর্ণ দেখা দেয়

بَابُ الْكُدْرَةِ إِذَا كَانَتْ بَعْدَ الْحَيْضِ

আরবী

أَخْبَرَنَا أَبُو النُّعْمَانِ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ عَنِ الْحَجَّاجِ قَالَ سَأَلْتُ عَطَاءً عَنِ الْمَرْأَةِ تَطْهَرُ مِنَ الْمَحِيضِ ثُمَّ تَرَى الصُّفْرَةَ قَالَ تَوَضَّأُ

বাংলা

৯০৩. হাজ্জাজ হতে বর্ণিত, তিনি বলেন, আমি আতা' রাহি. কে এমন মহিলা সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম, যে হায়েয থেকে পবিত্র হয়, অতঃপর হলুদ রং (এর শ্রাব) দেখতে পায়। তিনি বলেন, সে ওযু করবে।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যযীফ। কারণ হাজ্জাজ ইবনু আরতাহ যযীফ।

তাখরীজ: দেখুন, বিগত ৮৯৯, ৯০৫ (অনুবাদে ৮৯৬, ৯০১) হাদীস দু'টি।

আবু দাউদ বলেন: 'এটি বর্ণিত হয়েছে সাঈদ ইবনু জুবাইর, আলী, ইবনু আব্বাস... ও আয়িশা রা: থেকে যে, ইসতিহাযাগ্রস্ত মহিলা তার হায়েযের নির্ধারিত দিনগুলিতে সালাত পরিত্যাগ করবে।

এটি হাসান, সাঈদ ইবনুল মুসাইয়েব, আতা, মাকহুল, ইবরাহীম, সালিম ও কাসিম রাহি. এরও মত।'

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ হাজ্জাজ ইবনু আরতাহ

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=76280>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন